

Publication	Ei Samay	Date	11-7-2017	Page No.	12
Client Name	Kamdhenu	Edition	Kolkata		

## উৎপাদন বাড়াচ্ছে কামধেনু স্টিল

এই সময়: বাজারে তাদের নতুন 'কেটু টিএমটি' ব্র্যান্ডের টিএমটি বার আনল কেটু স্টিল লিমিটেড। তাদের উৎপাদিত টিএমটি বারের চাহিদা ক্রমাগত বৃদ্ধি পাওয়ায় আগামী বছরের মধ্যেই তাদের উৎপাদন ক্ষমতা বাড়িয়ে ১ লক্ষ টন করার লক্ষ্যমাত্রা নিয়েছে কেটু স্টিল। অলকানন্দা স্পঞ্জ অ্যান্ড আয়রন লিমিটেডের সঙ্গে টিএমটি বার তৈরি নিয়ে লাইসেন্স চুক্তি করেছে কেটু স্টিল লিমিটেড।

বর্ধিত চাহিদার কথা মাথায় রেখে আগামী বছরের মধ্যে তাদের উৎপাদন ক্ষমতা বার্ষিক ২ লক্ষ টনে নিয়ে যাওয়ার কথা ঘোষণা করেছে অন্য এক টিএমটি উৎপাদনকারী সংস্থা কামধেনু লিমিটেড। সম্প্রতি তাদের নতুন টিএমটি 'কামধেনু নেস্টট'-এর উন্মোচন করেছে সংস্থাটি। তাদের দাবি, নতুন টিএমটি বার আড়াই গুণ বেশি শক্তিশালী।